# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১০৭ : বর্তমান যামানার এসব দলের ব্যাপারে একজন যুবকের ভূমিকা কী, যারা তাকে দলে ভিড়াতে চায়?

উত্তর : আল্লাহ তা‘আলা এবং তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে জানিয়ে দিয়েছেন যে, আহলুস সুন্নাহ ওয়াল জামাত বিরোধী বিভিন্ন ফিরকা গঠিত হবে। আল্লাহ তা‘আলা এবং তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এও বর্ণনা করেছেন যে, এসকল ফিরকার সাথে আমরা কিরূপ আচরণ করব? আল্লাহ তা‘আলা বলেন,

وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ ذَلِكُمْ وَصَّاكُمْ بِهِ لَعَلَّكُمْ تَتَّقُونَ

‘নিশ্চয়ই এটা আমার সরল সোজা পথ তোমরা এ পথের অনুসরণ করো এবং তোমরা (অন্যান্য) পথসমূহকে ধরো না। যদি অন্য পথ ধরো তাহলে সে পথগুলো তোমাদেরকে বিচ্ছিন্ন করে দেবে। তিনি এ বিষয়ে তোমাদেরকে উপদেশ প্রদান করছেন যাতে তোমরা মুত্তাকী হতে পারো’। (সূরা আল-আন‘আম আয়াত নং ১৫৩)

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ বিষয়টি সুস্পষ্টভাবে বর্ণনা দিয়েছেন, এমনকি তিনি একটি সোজা রেখা টানেন এবং এর ডানে ও বামে আরো অনেকগুলো রেখা টানেন। এরপর সরল রেখা সম্পর্কে বলেন, ‘এটা আল্লাহর পথ’ আর অন্য সকল পথ সম্পর্কে বলেন, ‘আর এ সকল পথের মুখে একজন করে শয়তান রয়েছে, যে সে পথের দিকে আহবান করে’।[1]

শেষ জামানায় আগমনকারী একদল লোক প্রসঙ্গে তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তারা হবে জাহান্নামের দরজার দাঈ বা আহবায়ক, যারা তাদের আনুগত্য করবে তারাও সে জাহান্নামে প্রবিষ্ট হবে।

যুবক ও অন্যদের উপর ওয়াজিব হলো, তারা আহলে সুন্নাত ওয়াল জামাত বিরোধী সকল জামাত ও ফেরকাকে অস্বীকার করবে। যারা এসকল জামাতের প্রতি দাওয়াত দেয় তাদের থেকে তারা সতর্ক থাকবে। যেমনভাবে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের ব্যাপারে সতর্ক করেছেন এবং আহলে সুন্নাতের জামাতকে আঁকড়ে ধরতে বলেছেন। আর তা একটি মাত্র দল। যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ছাহাবীদের মানহাজের উপর প্রতিষ্ঠিত। এ হাদীছটির মাধ্যমে প্রমাণিত যে, নিশ্চয়ই আমার পরে তোমরা অনেক মতানৈক্য দেখতে পাবে। সেসময় তোমাদের উপর আমার সুন্নাত ও খুলাফায়ে রাশিদীনের সুন্নাত আঁকড়ে থাকা আবশ্যক।

মতানৈক্যের সময়ে তার সুন্নাত, খুলাফায়ে রাশিদীনের সুন্নাত এবং জামা‘আতুল মুসলিমীন ও ইমামুল মুসলিমীনকে আঁকড়ে ধরতে নির্দেশ প্রদান করেছেন।

---

[1]. শায়খ (রহ.) আব্দুল্লাহ ইবনু আববাস (রা.) থেকে বর্ণিত হাদীছের প্রতি ইঙ্গিত করেছেন। এ হাদীছটি সহীহ। তিনি বলেন,

خط رسول الله ـ صلى الله عليه وسلم ـ خطًّا بيده، ثم قال : (( هذا سبيل الله مستقيمًا )) ، قال : ثم خط

عن يمينه وشماله، ثم قال: (( هذه السُّبل، ليس منها سبيل إلاّ عليه شيطان يدعو إليه )) ، ثم قرأ : { وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلا تَتَّبِعُوا السُّبُلَ } .

রসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের জন্য একটি রেখা টানলেন, এরপর বললেন, এটা আল্লাহর পথ। বর্ণনাকারী বলেন, এরপর এর ডানে ও বামে আরো অনেকগুলো রেখা টানলেন। এরপর বললেন, এ সকল পথ; এর প্রত্যেক পথেই একজন করে শয়তান বসে আছে- যে ঐ পথে আহবান করে। এরপর তিনি এই আয়াত তিলাওয়াত করলেন,

وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلا تَتَّبِعُوا السُّبُلَ

এটা আমার পথ তোমরা এর অনুসরণ করো, আর তোমরা পথসমূহের অনুসরণ করো না। আহমাদ ০১/৪৬৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=13181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন